

## নন-এমপিও শিক্ষকদের অবস্থান কর্মসূচি অব্যাহত

### ■ সমকাল প্রতিবেদক

এমপিওভুক্তির দাবিতে রাজধানীতে অবস্থান কর্মসূচি চালিয়ে যাচ্ছেন নন-এমপিও শিক্ষকরা। তারা বুধবার তৃতীয় দিনের মতো জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান কর্মসূচি পালন করেন। নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশন-এর আহ্বানে এ কর্মসূচি পালন করেছেন তারা। শিক্ষকরা জানিয়েছেন, দাবি পূরণ না হওয়া পর্যন্ত তারা অবস্থান কর্মসূচি অব্যাহত রাখবেন।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে নিম্ন মাধ্যমিক-মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, কারিগরি ও মুদ্রাসিার স্বীকৃতিপ্রাপ্ত সব নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির দাবিতে নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশন আজ বুধসপ্তিবার সকাল ১০টা থেকে চতুর্থ দিনের মতো আবারও জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান কর্মসূচি পালন করবে। গতকাল বুধবার সারাদেশ থেকে আগত সহস্রাধিক শিক্ষক-কর্মচারী জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান কর্মসূচিতে যোগ দেন। সমাবেশে শিক্ষক নেতৃবৃন্দ বক্তৃতা, বৈষম্য ও অপমান দূর করার জন্য অবিলম্বে শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির দাবি জানিয়ে বলেন, শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করা সাংবিধানিক, শ্রমস্বত্বাধিকার ও মানবাধিকার সব দিক দিয়েই যুক্তিযুক্ত। শিক্ষক নেতারা প্রশ্ন তোলেন- শিক্ষামন্ত্রী বছরের পর বছর আমাদের জন্য লড়াই চালিয়ে যাচ্ছেন বলে দাবি করেন। কিন্তু সে লড়াইয়ের কোনো বাস্তব প্রতিফলন শিক্ষকরা দেখতে পান না। শিক্ষক নেতারা প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে অবিলম্বে এমপিওভুক্তির জন্য প্রয়োজনীয় অর্থ ছাড় করার তাগিদ দেন।

গতকালের অবস্থান কর্মসূচিতে সংহতি জানিয়ে বক্তৃতা রাখেন অধ্যাপক ও গবেষক এমএম আকাশ, বাসদের কেন্দ্রীয় নেতা রাজেকুজ্জামান রতন, সিপিবি'র প্রেসিডিয়াম সদস্য রুহিন হোসেন প্রিন্স, বাংলাদেশ বেসরকারি শিক্ষক-কর্মচারী পরিষদের সভাপতি মো. হানিফ উল্লাহসহ সংগঠনের সিনিয়র নেতারা।